বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

নং- ৯৯ জে, তারিখ : ১২ কার্তিক ১৪৩৩ / ২৮ অক্টোবর ২০২৬

বিষয় : পারিবারিক আদালতে ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে মামলা দায়ের, নথি জমা ও শুনানি কার্যক্রম চালু সংক্রান্তে অনুসরণীয় 'প্র্যাকটিস নির্দেশনা' সংশোধন

বিগত ০৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/২০ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত পারিবারিক আদালতে ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে মামলা দায়ের, নথি জমা ও শুনানি কার্যক্রম চালু সংক্রান্তে অনুসরণীয় 'প্র্যাকটিস নির্দেশনা' নিম্নরূপভাবে সংশোধন করা হলো:-

(ক) পারিবারিক আদালতে ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে মামলা দায়ের, নথি জমা ও শুনানি কার্যক্রম চালু সংক্রান্তে অনুসরণীয় 'প্র্যাকটিস নির্দেশনা', অতঃপর উক্ত নির্দেশনা বলে উল্লিখিত, এর ১ দফার ১.১ উপ-দফায় "এলাকা" শব্দটির পরিবর্তে ", পারিবারিক আদালত-১৪ এর আওতাধীন পল্টন, মতিঝিল, রমনা, হাতিরঝিল ও শাহবাগ এলাকা" কমা ও শব্দগুলো সন্নিবেশিত হবে।

(খ) উক্ত নির্দেশনা এর ১ দফার ১.৩ উপ-দফায় "পারিবারিক আদালত-৫, ঢাকা " শব্দগুলোর পর ", পারিবারিক আদালত-১৪, ঢাকা" কমা ও শব্দগুলো সন্নিবেশিত হবে।

(গ) উক্ত নির্দেশনা এর ২ দফার ২.৭ উপ-দফায় প্রদত্ত ছকে "পারিবারিক আদালত-১, চট্টগ্রাম, ই-মেইল familycourt01.chattogram@judiciary.gov.bd" শব্দগুলোর পর নতুন দুইটি ঘর যোগ করে আদালতের ঘরে "পারিবারিক আদালত-১৪, ঢাকা" এবং ই-মেইল এর ঘরে "familycourt14.dhaka@judiciary.gov.bd" কমা ও শব্দগুলো সন্নিবেশিত হবে।

২। বাংলাদশের মাননীয় প্রধান বিচারপতির অনুমোদনক্রমে এ সংশোধিত নির্দেশনা জারী করা হলো।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

২৮/১০/২৬

মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫
ই-মেইল: rg@supremecourt.gov.bd